मन्डली

Bengli

The Church

CL 4140

মণ্ডলী

The Church

লেখক ঃ ডোনাল্ড ডীন স্মীটন

অনুবাদ ঃ সাইলাস এম, নাথ

ইন্টারন্যাশনাল করস্পণ্ডেন্স ইনস্টিটিউট

পোষ্ট বক্স ৭০০, ঢাকা–২

প্রকাশনায় ঃ

আই. সি. আই
৪০১/১ নিউ ইস্কাটন রোড,
পোষ্ট বক্স-৭০০
ঢাকা-২, বাংলাদেশ।

সর্বস্বত্ব সংরক্ষিত

ছাপা ১০০০ কপি
১৯৮৫ ইং

© 1985
All Rights Reserved
International Correspondence Institute
Brussels, Belgium
D/1985/2145/25

মুদ্রণে ঃ এ্যাসেমব্লী প্রেস
৪০১/১ নিউ ইস্কাটন রোড,
ঢাকা–২, বাংলাদেশ।

CL4140-BN

সূচী পত্র

পাঠ | পৃষ্ঠা

দুটি কথা ৫

১ম পাঠ ঃ মণ্ডলীর জন্য ঈশ্বরের পরিকল্পনা ৯

২য় পাঠ ঃ মণ্ডলীর ইতিহাস ২৬

৩য় পাঠ ঃ মণ্ডলী বলতে কি বুঝায় ? ৪৮

৪র্থ পাঠ ঃ কিভাবে আমি ঈশ্বরের মণ্ডলীর একজন হতে পারি ৬৪

৫ম পাঠ ঃ কিভাবে মণ্ডলী একটি দেহ ৮২

৬ষ্ঠ পাঠ ঃ মণ্ডলী নিজের জন্য কি করে ? ৯৮

৭ম পাঠ ঃ মণ্ডলী জগতের জন্য কি করে ? ১১২

৮ম পাঠ ঃ মণ্ডলী ঈশ্বরের জন্য কি করে ? ১২৮

"মণ্ডলী"

দুটি কথা

আপনি কখনও কি এই আশ্চর্য ব্যাপারটি চিন্তা করেছেন যে, মণ্ডলী কোথা থেকে এল, কি ভাবে তা আরম্ভ হয়েছিল এবং ভবিষ্যতে এর কি হবে? আপনি যদি এই বইয়ে লিখিত পাঠের শিরোনামগুলি পড়েন, তবে দেখতে পাবেন, সেখানে কিভাবে মণ্ডলী সম্মন্ধে গুরুত্বপূর্ণ প্রশ্ন গুলির উত্তর দেওয়া হয়েছে।

এই গুরুত্বপূর্ণ প্রশ্নগুলির উত্তর পাঠ করার সময়, আমি আপনাকে সাহায্য করতে চাই। আপনি হয়তো আমাকে দেখেননি কিন্তু আমি আপনার বন্ধু ও শিক্ষক হতে চাই। মণ্ডলী সম্মন্ধে বাইবেল কি বলে এ বিষয়ে যখন আমরা একত্রে পাঠ করব, তখন আমরা আরো পরিষ্কারভাবে বুঝতে পারব যে, মণ্ডলীতে আমাদের স্থান কোথায়। মণ্ডলী সম্বন্ধে বিভিন্ন মতবাদ আছে, তার মধ্যে কিছু কিছু মতবাদ সত্য, আর বাকীগুলি মিথ্যা। আমরা দেখব এ বিষয়ে বাইবেল আমাদের কি বলে। আপনি যদি আপনার শিক্ষার বিষয়গুলি কাজে লাগান, তবে এই ধারাবাহিক পাঠ কেবলমাত্র মণ্ডলীর বিষয়েই আপনাকে শিক্ষা দিবেনা বরং, আপনাকে জানতে সাহায্য করবে যে, কি ভাবে আপনি খ্রীষ্ট ও মণ্ডলীর জন্য

আরো বেশীকরে ব্যবহৃত হতে পারেন। নিজে নিজে শিখবার আধুনিক এই পদ্ধতির শেখার বিষয়গুলি সহজভাবে শিখতেও শিঘ্রই তা কাজে লাগাতে সাহায্য করবে। এই ধারা-বাহিক পাঠ পড়ার সময়ে পবিত্র আত্মাই আপনার সঙ্গে কথা বলবেন।

লেখক পরিচিতি ঃ

ডোনাল্ড ডিন স্মীটন বেলজিয়ামের ব্রাসেল্স্ শহরের বাইবেল কলেজের একজন শিক্ষক। তিনি ১৯৭৩ সালে এসেমব্লীজ অব গডের দ্বারা অভিষিক্ত হন এবং তিনি আমেরিকাতে যুবকদের পালক ও জার্ম্মান শহরে যুবক-দের জন্য ফিল্ড ইভ্যানজেলিষ্ট হিসাবে পরিচর্যা করেন। মিঃ স্মীটন স্প্রিংফিল্ড, মিসৌরী বাইবেল কলেজ থেকে বি, এ ডিগ্রি এবং স্প্রিংফিল্ডের ইভ্যানজেল কলেজ থেকে ইতিহাসে বি, এস ডিগ্রি লাভ করেন। এ ছাড়া ফ্যাকা-ল্টি ডি থিওলজি প্রটেষ্ট্যান্ট ইউনিভারসিটি ডি ট্রান্সবার্গ থেকে সার্টিফিকেট এবং ট্রিনিটি ইভ্যানজেলিক্যাল ডিভি-নিটি স্কুল (ডিয়ারফিল্ড, ইলিয়নিস) থেকে মণ্ডলীর ইতিহাস ও খ্রীষ্টিয়ান চিন্তাধারায় ইতিহাসে লুড (Laude) সহ এম, এ ডিগ্রি লাভ করেন।

কি ভাবে এটি পড়বেন ঃ

মণ্ডলী নামক এই বইটি ছোট করে বা পকেটে রাখার মত করে তৈরি করা হয়েছে যেন যে কোন

স্থানে আপনি সঙ্গে করে নিয়ে যেতে পারেন এবং সময় পেলেই পড়তে পারেন। প্রতিদিন কিছুটা সময় পড়ার জন্য বই খানিকে আলাদা করে রাখুন।

প্রতিটি পাঠের প্রথম দুটি পৃষ্ঠা বিশেষ যত্ন সহকারে পড়ুন। এর দ্বারা পরবর্তী বিষয়গুলির জন্য আপনার মনকে প্রস্তুত করতে সাহায্য পাবেন। এর পর অধ্যায়টি অংশানুক্রমে অংশ করে পাঠ করুন এবং "আপনার করণীয়" নামক উপদেশ গুলি মেনে চলুন। আপনার উত্তর লেখার জন্য যদি প্রয়োজনীয় জায়গা সেখানে না থাকে তা হলে সে গুলি আপনার নোটখাতায় লিখুন যেন অধ্যায়টি পুনরালোচনাকালে সাহায্য পেতে পারেন।

ধারাবাহিক পাঠগুলি যদি আপনি একটি দলের সঙ্গে মিলে পাঠ করেন তা হলে, দলের নেতার নির্দেশ মেনে চলুন।

ছাত্র রিপোর্ট ঃ

এই ধারাবাহিক পাঠ পড়ার সময় আলাদা ভাবে আপনি "ছাত্র রিপোর্ট" নামে ছোট একটি পুস্তিকা পাবেন। যখন আপনি একটি অধ্যায় শেষ করেন, তখন ঐ অধ্যায়ের জন্য ছাত্র রিপোর্ট পূরণ করবেন।

আপনার এলাকার আই, সি, আই, অফিসে ছাত্ররিপোর্ট পাঠাবার জন্য যে নির্দ্দেশাবলী সেখানে দেওয়া আছে, তা মেনে চলুন। ছাত্র রিপোর্ট পাঠাবার সময় উপযুক্ত

ডাকটিকেট ব্যবহার করুন। ছাত্র রিপোর্ট পাঠানোর পর আপনি একটি সুন্দর প্রশংসা পত্র পাবেন। আর যদি ইতিমধ্যে আমাদের কোন একটি পাঠ শেষ করার মাধ্যমে প্রশংসা পত্রপেয়ে থাকেন তবে, একটি সীল (Seal) পাবেন।

উদ্দেশ্য

প্রত্যেক অধ্যায়ের প্রথমে পাঠের উদ্দেশ্য দেখতে পাবেন। উদ্দ্যেশ্য বলতে এখানে বুঝান হয়েছে যে, এই পাঠের মধ্যে আপনি কি কি সাহায্য পাবেন বা কি জানতে পারবেন। উদ্দেশ্য অর্থাৎ কিছুকে সামনে রেখে অগ্রসর হওয়া বা একটি লক্ষ্যে পৌছানো। আপনার শিক্ষা অপেক্ষাকৃত ভাল হবে যদি আপনি আপনার উদ্দেশ্য-গুলিকে অন্তরে রেখে কোর্সটি পড়েন।

এখন আপনি প্রথম অধ্যায় শুরু করার জন্য প্রস্তুত। ঈশ্বর আপানার পাঠের প্রতি আশীর্ব্বাদ করুন।